কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৯৭.০২.০০৩.২১.১০৩**

তারিখ: ১১ মাঘ ১৪২৮ / ২৫ জানুয়ারি ২০২২

**বিষয় : জাতীয় বীজ বোর্ড (এনএসবি)-এর ১০৬-তম সভার কার্যবিবরনী প্রেরণ।**

জাতীয় বীজ বোর্ডের চেয়ারম্যান ও কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব মো: সায়েদুল ইসলাম মহোদয়ের সভাপতিত্বে ১৮/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ড (এনএসবি)-এর ১০৬-তম সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি :** ১০৬-তম সভার কার্যবিবরণী (মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ইমেইলে প্রেরণ করা হলো)।

২৫/০১/২০২২
**মানিক চন্দ্র কর্মকার**
সহকারী বীজতত্ত্ববিদ
ফোন: ৯৫৪০১২০
E-mail : ast2@moa.gov.bd

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫;
৩. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
৪. যুগ্মসচিব, (প্রবিধি-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
৫. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
৬. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
৭. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
৮. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
৯. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০০;
১০. মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা-৬৬২০;
১১. মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, সাভার, ঢাকা;
১২. মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৩. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৪. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
১৫. পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৬. প্রধান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২;
১৭. কৃষিবিদ মুহা: আজহারুল ইসলাম, প্রাক্তন সদস্য পরিচালক (বিএডিসি), ১/বি কাশফুল, ৭/২ পশ্চিম হাজীপাড়া, রামপুরা, ঢাকা;
১৮. কৃষিবিদ জনাব মো: মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানি, বাড়ী নং-১০, সেক্টর-১৩, গরীবে নেওয়াজ এভিনিউ, উত্তরা, ঢাকা;
১৯. জনাব মো: সানোয়ার হোসেন, গ্রাম ও ইউনিয়ন: মহিশমারা, উপজেলা: মধুপুর, জেলা: টাঙ্গাইল, কৃষক প্রতিনিধি-১;
২০. জনাব মো: বিল্লাল হোসেন, গ্রাম: দক্ষিণ লক্ষ্মীপুর, ব্লক: বাঘারপাড়া পৌরসভা, উপজেলা: বাঘারপাড়া, যশোর, কৃষক প্রতিনিধি-২;
২১. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি, ঢাকা;
২২. সভাপতি, বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি;
২৩ সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫, সিদ্দিক বাজার, ঢাকা-১০০০;

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয় **(কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);**
৫। অতিরিক্ত সচিব (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬। মহাপরিচালক, বীজ অনুবিভাগ ও সচিব, জাতীয় বীজ বোর্ড মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা;
৭। অফিস কপি।

কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moa.gov.bd

## জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ১০৬-তম সভার কার্যবিবরণী

**সভাপতি** : মো: সায়েদুল ইসলাম, সচিব, কৃষি মন্ত্রণালয়
**সভার তারিখ** : ১৮ জানুয়ারি ২০২২
**সময়** : বিকাল ৩.০০টা
**স্থান** : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতীয় বীজ বোর্ডের নব নির্বাচিত সদস্যদের অভিনন্দন জানান এবং দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে ২জন কৃষক প্রতিনিধি সভায় অংশগ্রহণ করায় কৃতজ্ঞতা প্রকাশ করেন। অতঃপর আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য মহাপরিচালক, বীজ অনুবিভাগকে আহবান জানালে তিনি সভায় আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ১। জাতীয় বীজ বোর্ডের ১০৫-তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

**আলোচনা :** জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) ১০৫-তম সভা ১৭/০৬/২০২১ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে আলোচ্য বিষয় ৩-এর সিদ্ধান্ত ১-এ বর্ণিত "তিনপাতা সুপার হাইব্রিড ধান৫ (BP-672)" নামটিতে সুপার শব্দটি বাদ দিয়ে তিনপাতা হাইব্রিড ধান৫ (BP-672)" করা এবং আলোচ্য বিষয় ৪-এর আলোচনা (৮)-এ বর্ণিত লাল তীর হাইব্রিড ধান৪ (LTHR-4) জাতটির উৎস দেশ 'ভারত' এর পরিবর্তে 'চীন' করার জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে- "এ বিষয়ে আলোচনান্তে প্রস্তাব অনুযায়ী কার্যবিবরণী সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** কারিগরি কমিটির সুপারিশ অনুযায়ী আলোচ্য বিষয় ৩-এর সিদ্ধান্ত ১-এ বর্ণিত "তিনপাতা সুপার হাইব্রিড ধান৫ (BP-672)" নামটিতে সুপার শব্দটি বাদ দিয়ে "তিনপাতা হাইব্রিড ধান৫ (BP-672)" এবং আলোচ্য বিষয় ৪-এর আলোচনা (৮)-এ বর্ণিত লাল তীর হাইব্রিড ধান৪ (LTHR-4) জাতটির উৎস দেশ 'ভারত' এর পরিবর্তে 'চীন' এ দু'টি সংশোধনী গ্রহণপূর্বক জাতীয় বীজ বোর্ডের ১০৫-তম সভার কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হলো।

**আলোচ্য বিষয় ২। পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

| বিষয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি ও সিদ্ধান্ত |
|---|---|---|
| (২.১) ন্যাশনাল সিড ভিশন-২০৩০ প্রণয়ন | সিড ভিশন প্রণয়নের সময়সীমা ডিসেম্বর, ২০২১ পর্যন্ত বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো। | নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সিড ভিশন প্রণয়ন কমিটির আহ্বায়ক সভায় জানান যে সিড ভিশনের খসড়া প্রণয়নের জন্য ছক অনুযায়ী বীজের তথ্য চেয়ে বিভিন্ন প্রতিষ্ঠানে পত্র দেয়া হয়েছে কিন্তু সময়মত সকল প্রতিষ্ঠান হতে তথ্য পাওয়া যায়নি। তিনি ন্যাশনাল সিড ভিশন-২০৩০ প্রণয়নের সময় এপ্রিল/২০২২ পর্যন্ত বৃদ্ধির অনুরোধ জানান।<br>**সিদ্ধান্ত :** ন্যাশনাল সিড ভিশন প্রণয়ন কমিটির আবেদন অনুযায়ী ন্যাশনাল সিড ভিশন-২০৩০ প্রণয়নের সময়সীমা এপ্রিল, ২০২২ পর্যন্ত বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো। |
| (২.২) ব্রি কর্তৃক উদ্ভাবিত সকল হাইব্রিড ধানের ফলন পরীক্ষা। | বীজ প্রত্যয়ন এজেন্সি, ব্রি কর্তৃক উদ্ভাবিত সকল বোরো হাইব্রিড ধানের ট্রায়াল সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করবে। | পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি সভায় জানান গত ২০২০-২১ বোরো মৌসুমে বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল্ড ফার্মে ব্রি কর্তৃক উদ্ভাবিত হাইব্রিড ধানের ট্রায়াল সম্পন্ন করা হয় এবং চলতি বোরো মৌসুমের ট্রায়াল মাঠ পর্যায়ে চলমান রয়েছে। সদস্য পরিচালক, বিএডিসি সভায় উল্লেখ করেন জাতীয় বীজ বোর্ডের সভায় সিদ্ধান্ত ছিল বীজ প্রত্যয়ন এজেন্সি ট্রায়ালে ব্রি, ডিএই ও বিএডিসি'র প্রতিনিধি অন্তর্ভুক্ত করে দেশের বিভিন্ন স্থানে ট্রায়াল করবে। মহাপরিচালক, ব্রি সভায় বলেন, ট্রায়াল কার্যক্রম মাঠ পর্যায়ে শুরু হয়ে গেছে, অবশিষ্ট কার্যক্রমে ব্রি, ডিএই ও বিএডিসি'র প্রতিনিধি অন্তর্ভুক্ত করে বীজ প্রত্যয়ন এজেন্সি ট্রায়াল সম্পন্ন করতে পারে। |

| | | |
|---|---|---|
| | | **সিদ্ধান্ত :** বীজ প্রত্যয়ন এজেন্সি ব্রি কর্তৃক উদ্ভাবিত সকল হাইব্রিড ধানের ফলন পরীক্ষার চলমান ট্রায়ালে ব্রি, ডিএই ও বিএডিসি'র প্রতিনিধি অন্তর্ভুক্ত করবে এবং দেশের বিভিন্ন স্থানে ট্রায়াল সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করবে। |
| **(২.৩) হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধন পদ্ধতি সংশোধন প্রস্তাবনা** | কারিগরি কমিটি হাইব্রিড ধানের জাত মূল্যায়নে চেক জাত ও প্রস্তাবিত জাতের ফলন, জীবনকাল ও বিশেষ বৈশিষ্ট্য ইত্যাদি আরো বিস্তারিত আলোচনা করে একটি পূর্ণাঙ্গ হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধন পদ্ধতির প্রস্তাব প্রেরণ করবে। | হাইব্রিড ধানের জাত নিবন্ধনের জন্য মূল্যায়নের ক্ষেত্রে কারিগরি কমিটি ২টি সুপারিশ প্রদান করে। চেক জাত হাইব্রিড হলে নিবন্ধনের জন্য প্রস্তাবিত জাতের হেটারোসিস ৮%এর বেশি হতে হবে অথবা চেক জাত ইনব্রিড হলে হেটারোসিস ২০%এর বেশি হতে হবে। সভায় কারিগরি কমিটির সুপারিশসমূহের উপর বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**সিদ্ধান্ত :**<br>**(১)** হাইব্রিড ধানের জাত মূল্যায়নে গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত সর্বোচ্চ ফলনশীল মৌসুম ভিত্তিক ইনব্রিড জাতকে চেক জাত হিসেবে ব্যবহার করা এবং নিবন্ধন চাহিত জাতের ফলন চেক জাত এর চেয়ে ২০% বেশি heterosis হলে হাইব্রিড জাত হিসেবে নিবন্ধন করা।"<br><br>**(২)** কারিগরি কমিটি ফসলের জাত মূল্যায়নে চেকজাতের ব্রিডিং অথরিটির প্রতিনিধি মাঠ মূল্যায়ন দলে যুক্ত করে কমিটি পুনর্গঠনের প্রস্তাব জাতীয় বীজ বোর্ডে প্রেরণ করবে। |

**আলোচ্য বিষয় ৩। বোরো মৌসুমে চাষাবাদের জন্য বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ১৩টি হাইব্রিড ধানের জাত নিবন্ধন;**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| ২০১৯-২০ ও ২০২০-২১ বোরো মৌসুমে ট্রায়ালকৃত ১৮টি হাইব্রিড জাতের ১ম ও ২য় বর্ষের ফলাফলের ভিত্তিতে চেক জাত (ব্রি হাইব্রিড ধান৫)-এর চেয়ে ৫% হেটারোসিস বেশী হাওয়ায় ১০টি জাত (এসিআই হাইব্রিড ধান১২, এসিআই হাইব্রিড ধান১৩, ব্র্যাক হাইব্রিড ধান১৯, ইস্পাহানি হাইব্রিড ধান১১, উইনঅল হাইটেক হাইব্রিড ধান১০, উইনঅল হাইটেক হাইব্রিড ধান১১, এসিআই এগ্রোলিংক হাইব্রিড ধান১, আফতাব হাইব্রিড ধান১, আফতাব হাইব্রিড ধান২, মিতালী হাইব্রিড ধান৬) সারাদেশে এবং ৩টি জাত (সুপ্রীম হাইব্রিড ধান১৭, মাহিকো হাইব্রিড ধান৬, মিতালী হাইব্রিড ধান৫) অঞ্চলভিত্তিক চাষাবাদের উদ্দেশ্যে সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। সভায় জাতগুলোর ট্রায়ালের ফলাফল নিয়ে বিস্তারিত আলোচনা হয়। মাঠ মূল্যায়ন ফলাফলে অনস্টেশন থেকে অনফার্ম ট্রায়ালের ফলাফলে অসামঞ্জস্যতা পরিলক্ষিত হওয়ায় সভাপতি ট্রায়াল কিভাবে সংঘটিত হয় সে বিষয়ে জানতে চান। এ প্রসঙ্গে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি সভায় উল্লেখ করেন অনস্টেশন ট্রায়ালগুলো গবেষণা প্রতিষ্ঠানের মাঠে এবং অনফার্ম ট্রায়ালগুলো নিকটস্থ কৃষকের মাঠে বীজ প্রত্যয়ন এজেন্সির তত্ত্বাবধানে পরিচালিত হয়। মহাপরিচালক, বিজেআরআই সভায় বলেন যে জাতের ট্রায়ালে বীজ প্রত্যয়ন এজেন্সির সক্ষমতার ঘাটতি রয়েছে। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং বলেন যে জাতগুলোর ট্রায়ালে অনেক ক্ষেত্রেই অনস্টেশনের চেয়ে অনফার্মের হেটারোসিস বেশি দেখানো হয়েছে এবং ফলনের এরূপ তারতম্যের কোনো কারণ উল্লেখ করা হয়নি। তিনি পুন:ট্রায়াল করে বিষয়গুলো সুস্পষ্টভাবে জেনে জাত নিবন্ধনের অনুরোধ জানান। কোম্পানির প্রতিনিধি জনাব মো: মাসুম বলেন যে জাত নিবন্ধনের শুরু থেকে বীজ প্রত্যয়ন এজেন্সির ট্রায়ালের ভিত্তিতেই জাত নিবন্ধন হয়েছে। এখানে নিয়ম অনুযায়ী কারিগরি কমিটি সুপারিশ করেছে বিধায় নিবন্ধনের বিষয়টি | **(১)** বোরো মৌসুমে নিবন্ধনের জন্য প্রস্তাবিত ১৩টি ধানের জাত- এসিআই হাইব্রিড ধান১২, এসিআই হাইব্রিড ধান১৩, ব্র্যাক হাইব্রিড ধান১৯, ইস্পাহানি হাইব্রিড ধান১১, উইনঅল হাইটেক হাইব্রিড ধান১০, উইনঅল হাইটেক হাইব্রিড ধান১১, এসিআই এগ্রোলিংক হাইব্রিড ধান১, আফতাব হাইব্রিড ধান১, আফতাব হাইব্রিড ধান২, মিতালী হাইব্রিড ধান৬, সুপ্রীম হাইব্রিড ধান১৭, মাহিকো হাইব্রিড ধান৬ ও মিতালী হাইব্রিড ধান৫ পুনরায় ট্রায়াল সম্পন্ন করে প্রাপ্ত তথ্য উপাত্তসহ জাতীয় বীজ বোর্ডে প্রেরণ করার জন্য কারিগরি কমিটিকে নির্দেশনা দেয়া হলো।<br><br>(২) বীজ প্রত্যয়ন এজেন্সি পুনঃট্রায়াল সঠিকভাবে সম্পাদনের লক্ষ্যে ব্রি, বিএডিসি, ডিএই-এর প্রতিনিধির সমন্বয়ে একটি মনিটরিং টিম গঠনপূর্বক ট্রায়াল কার্যক্রম তদারকি করবে। |

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| বিবেচনা করার অনুরোধ জানান। সাবেক কৃষি সচিব ও বিএসএ-এর উপদেষ্টা জনাব আনোয়ার ফারুক বলেন যে তথ্য উপাত্তে ভুল থাকলে সেটা পুনরায় কারিগরি কমিটিতে পর্যালোচনা করে দেখা যেতে পারে। বোরো মৌসুম ইতোমধ্যে অতিবাহিত হওয়ায় পুন:ট্রায়াল বিলম্ব হবে তাছাড়া বীজ প্রত্যয়ন এজেন্সির সক্ষমতা নিয়ে তিনি সন্দেহ প্রকাশ করেন। মহাপরিচালক, ব্রি জানান যে ট্রায়ালের সঠিক ফলাফল পেতে ব্রি প্রয়োজনীয় জনবল দিয়ে পুনঃট্রায়ালে সহায়তা করবে। সভাপতি বলেন যে কোথাও বেশি পোকামাকড়ের আক্রমন বা প্রাকৃতিক দুর্যোগের কারণে ফলনের তারতম্য হতে পারে কিন্তু সে বিষয়টি সুস্পষ্ট উল্লেখ নেই। তিনি আরও বলেন যে প্রত্যেকটি জাতের সাথে চেক জাতের ফলন একই দেখানো হয়েছে যা বাস্তবসম্মত নয়। ট্রায়ালে প্রাপ্ত তথ্য উপাত্ত সন্তোষজনক নয় বলে তিনি উল্লেখ করেন। তিনি জন-কল্যানার্থে অধিক ফলনশীল জাত ছাড়করণের স্বার্থে জাতগুলো সতর্কতার সাথে পুনঃট্রায়ালের উপর গুরুত্বারোপ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর সিদ্ধান্ত গৃহীত হয়। | |

**আলোচ্য বিষয় ৪। বোরো মৌসুমে চাষাবাদের জন্য ০৫(পাঁচ)টি হাইব্রিড ধানের ট্রায়ালের ফলাফল পুনরায় পর্যালোচনাপূর্বক জাত নিবন্ধন;**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| জাতীয় বীজ বোর্ডের ১০৫তম সভার আলোচ্য বিষয় (৪) এর সিদ্ধান্ত অনুযায়ী বোরো মৌসুমের নিবন্ধনের জন্য সুপারিশকৃত ৫টি জাত পুনরায় পর্যালোচনার জন্য কারিগরি কমিটিতে প্রেরণ করা হয়। জাতগুলোর গড় ফলন, জীবনকাল ও বিশেষ বৈশিষ্ট্য বিবেচনা করে চেক জাত ব্রি হাইব্রিড ধান৫-এর থেকে ৫% বেশী ফলন পাওয়ায় কারিগরি কমিটি বোরো মৌসুমের চাষাবাদের উদ্দেশ্যে সাময়িকভাবে নিবন্ধনের জন্য পুনরায় সুপারিশ করেছে।<br><br>(১) ব্যাগরো কোম্পানি লিমিটেড প্রস্তাবিত ব্যাগরো হাইব্রিড ধান২ Projapoti (KPHB02) ভারত হতে আমদানিকৃত। জাতটির ফলন ৭.৭মে.টন/হেক্টর, জীবনকাল ১৪৫দিন, ধান মোটা। চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি বোরো মৌসুমে চট্টগ্রাম, খুলনা ও রংপুর অঞ্চলে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।<br><br>(২) লাল তীর সীড লিমিটেড প্রস্তাবিত লাল তীর হাইব্রিড ধান৩ LTHR2 জাতটি লাল তীরের নিজস্ব উদ্ভাবিত। জাতটির ফলন ৭.৮মে.টন/হেক্টর, জীবনকাল ১৪২দিন, ধান লম্বা ও মোটা। চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি বোরো মৌসুমে চট্টগ্রাম, খুলনা ও রংপুর অঞ্চলে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।<br><br>(৩) সুপ্রিম সীড কোম্পানি লিমিটেড প্রস্তাবিত সুপ্রিম হাইব্রিড ধান১২ (Hira27, RRX-336) জাতটি ভারত হতে আমদানিকৃত। জাতটির ফলন ৮.১মে.টন/হেক্টর, জীবনকাল ১৪৫দিন, ধান চিকন। চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল এই ৪টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি বোরো মৌসুমে সারাদেশে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।<br><br>(৪) ন্যাশনাল এগ্রি কেয়ার ইমপোর্ট এন্ড এক্সপোর্ট লিমিটেড প্রস্তাবিত ন্যাশনাল এগ্রি কেয়ার হাইব্রিড ধান৫ (Bango Raj) চীন হতে আমদানিকৃত। জাতটির ফলন ৮.২মে.টন/হেক্টর, জীবনকাল ১৪২দিন, ধান মাঝারি চিকন। চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি বোরো মৌসুমে চট্টগ্রাম, খুলনা ও রংপুর অঞ্চলে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | (১) কারিগরি কমিটি সুপারিশকৃত বোরো মৌসুমের ৩টি হাইব্রিড ধানের জাত ব্যাগরো হাইব্রিড ধান২ Projapoti (KPHB02), লাল তীর হাইব্রিড ধান৩ LTHR2 ও ন্যাশনাল এগ্রি কেয়ার হাইব্রিড ধান৫ (Bango Raj) চট্টগ্রাম, খুলনা ও রংপুর অঞ্চলে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।<br><br>(২) কারিগরি কমিটি সুপারিশকৃত বোরো মৌসুমের ২টি হাইব্রিড ধানের জাত সুপ্রিম হাইব্রিড ধান১২ (Hira27, RRX-336) ও পেট্রোকেম হাইব্রিড ধান৫ (Pioneer 27P37) সারাদেশে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের অনুমোদন দেয়া হলো। |

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| (৫) পেট্রোকেম এগ্রো ইন্ডাস্ট্রিড লিমিটেড প্রস্তাবিত পেট্রোকেম হাইব্রিড ধান৫ (Pioneer 27P37) ভারত হতে আমদানিকৃত। জাতটির ফলন ৮.২মে.টন/হেক্টর, জীবনকাল ১৫০দিন, ধান মাঝারি মোটা। ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল এই ৫টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি বোরো মৌসুমে সারাদেশে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।<br><br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর সিদ্ধান্ত গৃহীত হয়। | |

**আলোচ্য বিষয় ৫। আমন মৌসুমে চাষাবাদের জন্য ০১(এক)টি হাইব্রিড ধানের ট্রায়ালের ফলাফল পুনরায় পর্যালোচনাপূর্বক জাত নিবন্ধন;**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| জাতীয় বীজ বোর্ডের ১০৫তম সভার আলোচ্য বিষয় (৩) এর সিদ্ধান্ত অনুযায়ী আমন মৌসুমের নিবন্ধনের জন্য সুপারিশকৃত ১টি জাত পুনরায় পর্যালোচনার জন্য কারিগরি কমিটিতে প্রেরণ করা হয়। জাতটির গড় ফলন, জীবনকাল ও বিশেষ বৈশিষ্ট্য বিবেচনা করে চেক জাত ব্রি হাইব্রিড ধান৬ থেকে ৫% বেশী ফলন পাওয়ায় কারিগরি কমিটি আমন মৌসুমের চাষাবাদের উদ্দেশ্যে সাময়িকভাবে নিবন্ধনের জন্য পুনরায় সুপারিশ করেছে। জাতটি তিনপাতা কোয়ালিটি সীডস বাংলাদেশ লিমিটেড কর্তৃক নিবন্ধনের প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত তিনপাতা সুপার হাইব্রিড ধান৪ (BP669) জাতটি চীন হতে আমদানিকৃত। জাতটির ফলন ৫.৭৩মে.টন/হেক্টর, জীবনকাল ১১৮দিন, ধান মাঝারি চিকন। খুলনা, রংপুর ও বরিশাল এই ৩টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি আমন মৌসুমে খুলনা, রংপুর ও বরিশাল ৩টি অঞ্চলে তিনপাতা সুপার হাইব্রিড ধান৪ (BP669) জাতটির সুপার শব্দটি বাদ দিয়ে "তিনপাতা হাইব্রিড ধান৪ (BP669)" হিসেবে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর সিদ্ধান্ত গৃহীত হয়। | কারিগরি কমিটির সুপারিশকৃত আমন মৌসুমের হাইব্রিড ধানের জাত "তিনপাতা হাইব্রিড ধান৪ (BP669)" খুলনা, রংপুর ও বরিশাল ৩টি অঞ্চলে চাষাবাদের নিমিত্তে সাময়িকভাবে নিবন্ধনের অনুমোদন দেয়া হলো। |

**আলোচ্য বিষয় ৬। বোরো মৌসুমে চাষাবাদের জন্য বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ০২ (দুই)টি ইনব্রিড ধানের জাত ছাড়করণ;**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| **(ক) BR8938-19-4-3-1-1-P2-HR3 (ব্রি ধান১০১):** ব্রি এর বর্ণনামতে প্রস্তাবিত কৌলিক সারিটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) ধানের ব্যাকটেরিয়াজনিত পোড়া রোগ প্রতিরোধী জাত IRBB60 এবং বোরো মৌসুমের জনপ্রিয় জাত ব্রি ধান২৯ এর সাথে ২০০৭-০৮ সালে সংকরায়ণ করে পরবর্তীতে বংশানুক্রম সিলেকশন-এর মাধ্যমে উদ্ভাবন করা হয়েছে। প্রস্তাবিত জাতটি ২০১৬-১৭ সালে গবেষণা মাঠে ভালো ফলাফল পাওয়ায় ২০১৭-১৮ এবং ২০১৯-২০ কৃষকের মাঠে ট্রায়াল করা হয়। পরবর্তীতে ২০২০-২১ সালে বীজ প্রত্যয়ন এজেন্সির তত্ত্বাবধানে বোরো মৌসুমে ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল, রাজশাহী, রংপুর, দিনাজপুর, বগুড়া, ফরিদপুর ও খুলনা এই ১০টি অঞ্চলে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ট্রায়ালকৃত ১০ টি অঞ্চলের গড় ফলন ৭.৭২ মে.টন/হেক্টর ও জীবনকাল ১৪২ দিন; ১,০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৩.১ গ্রাম; প্রোটিনের পরিমাণ ৯.৮%; অ্যামাইলোজ ২৫.০%; ভাত ঝড়ঝরে; ব্যাকটেরিয়া জনিত পোড়া/ব্যাকটেরিয়াল লিফ ব্লাইট রোগ প্রতিরোধী; জাতটি বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস (DUS) টেস্ট সম্পাদন করা হয়। প্রস্তাবিত জাতটিতে Flag leaf: attitude of blade, Panicle: exertion, Grain: length (without dehulling), Leaf senescence, Endosperm: content of amylose, Decorticated unpolished grain: color মোট ৬টি বৈশিষ্ট্যে চেক জাত ব্রি ধান২৮ থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে। কারিগরি কমিটি জাতটি ব্যাকটেরিয়াজনিত পোড়া রোগ প্রতিরোধী হওয়ায় ব্রি ধান১০১ হিসেবে বোরো মৌসুমে ছাড়করণের সুপারিশ করেছে। | কারিগরি কমিটির সুপারিশকৃত বোরো মৌসুমের ইনব্রিড ধানের কৌলিক সারি BR8938-19-4-3-1-1-P2-HR3 ব্রি ধান১০১ এবং কৌলিক সারি IR99285-1-1-1-P2 ব্রি ধান১০২ হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| **(খ) IR99285-1-1-1-P2 (ব্রি ধান১০২):** ব্রি এর বর্ণনামতে প্রস্তাবিত কৌলিক সারিটি আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (ইরি), ফিলিপাইনে Multiple cross করে উদ্ভাবন করা হয় যার Parentage, IR 91153-AC 117/IR05F102//IR 68144-2B-2-2-3-1-166///IR 66/4/NSIC RC 158/NEGRO//BRRI dhan29। কৌলিক সারিটি ব্রি'র গবেষণা মাঠে ৪ (চার) বৎসর ফলন পরীক্ষা করা হয়। পরবর্তী ২ (দুই) বৎসর ব্রি'র আঞ্চলিক কার্যালয়সমূহে এবং কৃষকের মাঠে ট্রায়াল করা হয়। পরবর্তীতে ২০২০-২১ সালে বীজ প্রত্যয়ন এজেন্সির তত্ত্বাবধানে বোরো মৌসুমে ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল, রাজশাহী, রংপুর, দিনাজপুর, বগুড়া, ফরিদপুর ও খুলনা-এই ১০টি অঞ্চলে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ট্রায়ালকৃত ১০ টি অঞ্চলের গড় ফলন ৮.১১ মে.টন/হেক্টর ও জীবনকাল ১৫০ দিন; জিংকের পরিমাণ ২৫.৫মি.গ্রাম/কেজি; ১,০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২২.৭ গ্রাম; প্রোটিনের পরিমাণ ৭.৫%; অ্যামাইলোজ ২৮.০%; ভাত ঝড়ঝড়ে; পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১০৩ সে.মি.; বীজ প্রত্যয়ন এজেন্সি'র কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস (DUS) টেস্ট সম্পাদন করা হয়। প্রস্তাবিত জাতটিতে Flag leaf: attitude of blade, Panicle: exertion, Grain: length (without dehulling), Leaf senescence, Endosperm: content of amylose মোট ৫টি বৈশিষ্ট্যে চেক জাত 'ব্রি ধান৮১' থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে। কারিগরি কমিটি জাতটি জিংক সমৃদ্ধ হওয়ায় ব্রি ধান১০২ হিসেবে বোরো মৌসুমে ছাড়করণের সুপারিশ করেছে।<br><br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর সিদ্ধান্ত গৃহীত হয়। | |

**আলোচ্য বিষয় ৭। বোরো মৌসুমে চাষাবাদের জন্য বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) কর্তৃক প্রস্তাবিত ০১ (এক)টি ইনব্রিড ধানের জাত ছাড়করণ;**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| বিনা-এর বর্ণনামতে ব্রি ধান২৯ এ কার্বন আয়ন রশ্মি প্রয়োগ করে এর RM(2)-40(C)-4-2-8 মিউট্যান্ট লাইন উদ্ভাবন করা হয়েছে। লাইনটি বিনার উপকেন্দ্রসমূহ ও কৃষকের মাঠে ট্রায়াল করে নির্বাচন করা হয়। উক্ত লাইনটি ২০২০-২১ বোরো মৌসুমে ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল, রাজশাহী, রংপুর, দিনাজপুর, বগুড়া, ফরিদপুর ও খুলনার ১০টি অঞ্চলে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ট্রায়ালকৃত ১০ টি অঞ্চলের গড় ফলন ৭.৬৪ মে.টন/হেক্টর ও জীবনকাল ১৪৫ দিন; চাল অতি লম্বা ও সরু, ভাত সাদা, ঝরঝরে ও সুস্বাদু; ধানের গড় দৈর্ঘ্য ১০.৭ মি.মি.; চালের গড় দৈর্ঘ্য ৭.২৬মি.মি. (ব্রি ধান৫০ এর ধানের দৈর্ঘ্য ১০.৯১ মি.মি.; চালের দৈর্ঘ্য ৬.৯০ মি.মি.); ১,০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ১৯.৭ গ্রাম; আমিষের পরিমাণ ৬.৬%; অ্যামাইলোজ ২৫.১%; পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১১৬ সে.মি; বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেস্ট সম্পাদন করা হয়। প্রস্তাবিত জাতটিতে Flag leaf: attitude of blade, Culm:diameter, Culm:length, Panicle: exertion, Grain: length (without dehulling) মোট ৫টি বৈশিষ্ট্যে চেক জাত ব্রি ধান৮৬ থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে। কারিগরি কমিটি জাতটিকে বিনা ধান২৫ হিসেবে বোরো মৌসুমে ছাড়করণের সুপারিশ করেছে। মহাপরিচালক, বিনা এ প্রসঙ্গে বিনা-২৫ জাতটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল-এর নামানুসারে নামকরণ করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) কারিগরি কমিটির সুপারিশকৃত বোরো মৌসুমের ইনব্রিড ধানের কৌলিক সারি RM(2)-40(C)-4-2-8 বিনা ধান২৫ হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের অনুমোদন দেয়া হলো।<br><br>(২) বিনা ধান২৫ জাতটি "শেখ রাসেল ধান"-নামে নামকরণ করার বিষয়ে অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে "জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট"- বরাবরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। |

**আলোচ্য বিষয় ৮। বোরো মৌসুমে চাষাবাদের জন্য ব্র্যাক কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি ইনব্রিড ধানের জাত ছাড়করণ:**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| BARDC-326-7-14-7-6-OP কৌলিক সারিটি BG 003 এবং BG 026 এর মধ্যে সংকরায়ন এবং বাছাই পদ্ধতিতে উদ্ভাবিত হয়। ২০১২-১৩ সাল থেকে ব্র্যাক কৃষি গবেষণা ও উন্নয়ন কেন্দ্রে কৌলিক সারিটির গবেষণা শুরু হয়। ২০২০-২১ বোরো মৌসুমে ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল, রাজশাহী, রংপুর, দিনাজপুর, বগুড়া, ফরিদপুর ও খুলনার ১০টি অঞ্চলে কৌলিক সারিটির ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ট্রায়ালকৃত ১০ টি অঞ্চলের গড় ফলন ৭.৩৬ মে.টন/হেক্টর ও জীবনকাল ১৩৯ দিন; দানা চিকন, সুগন্ধযুক্ত, আগাম জাত; ধানের দৈর্ঘ্য ৯.৪১ মি.মি.; চালের দৈর্ঘ্য ৬.৬৩মি.মি.; (ব্রি ধান৫০ এর ধানের দৈর্ঘ্য ১০.৯১ মি.মি.; চালের দৈর্ঘ্য ৬.৯০ মি.মি.); ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ১৬.২ গ্রাম; প্রোটিনের পরিমাণ ৮.৯৬%; অ্যামাইলোজ ২৩.৪%; বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেস্ট সম্পাদন করা হয়। প্রস্তাবিত জাতটিতে Flag leaf: attitude of blade, Time of heading, Culm:diameter, Culm: length, Panicle length, Panicle: number of effective tillers in plant, Panicle: awn in spikelet, Panicle: exertion, Time of maturity, Grain length (without dehulling), Spikelet:sterile lemma length, Decorticated grain: length (after dehulling), Leaf senescence, Endosperm: content of amylose মোট ১৪টি বৈশিষ্ট্যে চেক জাত ব্রি ধান৫০ থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে। কারিগরি কমিটি জাতটিকে ব্র্যাক ধান২ হিসেবে বোরো মৌসুমে ছাড়করণের সুপারিশ করেছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর সিদ্ধান্ত গৃহীত হয়। | কারিগরি কমিটির সুপারিশকৃত বোরো মৌসুমের ইনব্রিড ধানের কৌলিক সারি BARDC-326-7-14-7-6-OP ব্র্যাক ধান২ হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |

**আলোচ্য বিষয় ৯। বিবিধ:**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| ফসলের উন্নত জাত ছাড়করণ, বীজ প্রত্যয়ন ও বাজার পরিবীক্ষণের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কারিগরি জ্ঞান ও দক্ষতা সম্পন্ন স্থায়ী জনবল নিয়ে প্রতিষ্ঠান গঠনের জন্য বীজ আইন, ২০১৮ তে 'বীজ প্রত্যয়ন এজেন্সি' পরিবর্তন করে 'বীজ প্রত্যয়ন অধিদপ্তর' অন্তর্ভুক্তকরণের জন্য পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি প্রস্তাব উপস্থাপন করেন। এ বিষয়ে সভাপতি বলেন যে বীজ প্রত্যয়ন এজেন্সিকে বীজ প্রত্যয়ন অধিদপ্তর করতে হলে মন্ত্রণালয়ের নীতিগত সিদ্ধান্তের প্রয়োজন। এছাড়া বীজ প্রত্যয়ন এজেন্সিকে অধিদপ্তরে রূপান্তর করতে হলে একটি দীর্ঘ ও জটিল প্রক্রিয়ার মধ্যে অগ্রসর হতে হবে। এরূপ পরিস্থিতিতে বীজ প্রত্যয়ন এজেন্সির সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান জনবল কাঠামোর শূণ্যপদসমূহ ডিএই হতে দ্রুত পূরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে বলে তিনি সভায় অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়। | বীজ প্রত্যয়ন এজেন্সির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে প্রতিষ্ঠানটির সক্ষমতা বৃদ্ধির জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |

পরিশেষে, সভাপতি সভায় মূল্যবান মতামত প্রদানের জন্য সকলকে ধন্যবাদ জানান এবং নতুন জাত সম্প্রসারণের বিষয়ে সকলকে সমন্বিতভাবে কাজ করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০১/২০২২

**মো: সায়েদুল ইসলাম**
সচিব
কৃষি মন্ত্রণালয়

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

## জাতীয় বীজ বোর্ডের ১০৬তম সভায় উপস্থিত বোর্ডের সদস্যদের স্বাক্ষরের তালিকা
### (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

**সভার তারিখ** : ১৮ জানুয়ারি ২০২২; সময় : দুপুর ৩:০০টায়
**স্থান** : সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয়
**সভাপতি** : সচিব, কৃষি মন্ত্রণালয়

| ক্রম | বোর্ডের সদস্যদের নাম | পদবী ও প্রতিষ্ঠান | মোবাইল ও ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি | মহাপরিচালক<br>বীজ অনুবিভাগ<br>কৃষি মন্ত্রণালয় | 01716879227 | [signature] |
| ২ | জনাব এ এফ এম হায়াতুল্লাহ | চেয়ারম্যান<br>বিএডিসি | ০১৫৫৮৫০৩৪৭১ | [signature] |
| ৩ | ড. শেখ মোহাম্মদ বখতিয়ার | নির্বাহী চেয়ারম্যান<br>বিএআরসি | ০১৭৬৩৯৫৫২২৯ | [signature] ১৮/০১/2022 |
| ৪ | ড. [illegible] | মহাপরিচালক ([illegible])<br>ডিএই | 01731300387 | [signature] ১৮/১/২০২২ |
| ৫ | জনাব মো: মাহফুজুল আলম খান | যুগ্মসচিব (প্রবিধি-১)<br>অর্থ বিভাগ<br>অর্থ মন্ত্রণালয় | 01314562252 | [signature] ১৮/১/২০২২ |
| ৬ | জনাব মো: মোস্তাফিজুর রহমান | সদস্য পরিচালক<br>বীজ ও উদ্যান<br>বিএডিসি | ০১৭১১১১১১৫৪<br>mdseed@badc.gov.bd. | [signature] ১৮/০১/2022 |
| ৭ | ড. দেবাশীষ সরকার | মহাপরিচালক<br>বারি | | |
| ৮ | ড. মো: শাহজাহান কবীর | মহাপরিচালক<br>ব্রি | 01712280083 | [signature] ১৮/০১/2022 |
| ৯ | কৃষিবিদ ড. মো: আইয়ুব খান | মহাপরিচালক<br>বিজেআরআই | 01552414003 | [signature] ১৮/০১/2022 |

| ক্রম | বোর্ডের সদস্যদের নাম | পদবী ও প্রতিষ্ঠান | মোবাইল ও ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১০ | ড. মির্জা মোফাজ্জল ইসলাম | মহাপরিচালক<br>বিনা | 01716-480724<br>dg@bina.gov.bd | [signature] |
| ১১ | ড. মো. আমজাদ হোসেন | মহাপরিচালক<br>বিএসআরআই | 01713082112<br>bsridg123@gmail.com | [signature] |
| ১২ | ড. শামিমা নাসরীন<br>বিভাগীয় প্রধান<br>[illegible] | ~~মহাপরিচালক~~ এস এস ও<br>এনআইবি | ড. নাসরীন<br>01712658645<br>shamimaeva04@gmail.com | ড. নাসরীন [signature] |
| ১৩ | কৃষিবিদ বিধান কুমার ভান্ডার | মহাপরিচালক<br>এসআরডিআই | 01716821631<br>bidhansrdi@yahoo.com | [signature] |
| ১৪ | কৃষিবিদ মো: আখতারুজ্জামান | নির্বাহী পরিচালক<br>সিডিবি | | |
| ১৫ | কৃষিবিদ সুধেন্দু শেখর মালাকার | পরিচালক<br>এসসিএ | 01610995354<br>smalakar211@gmail.com | [signature] |
| ১৬ | ড. এ এস এম আব্দুর রাজ্জাক<br>অতিরিক্ত পরিচালক (চলতি দায়িত্ব) | পরিচালক<br>উদ্ভিদ সংগনিরোধ উইং<br>ডিএই | 01715562540<br>pdgapdae@gmail.com | |
| ১৭ | Professor Dr.<br>মুহাম্মদ রাশেদ হোসেন | প্রধান<br>কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাকৃবি | 01783 281505<br>m.r.hossain@bau.edu.bd | [signature] 18.01.22 |
| ১৮ | জনাব মুহা: আজহারুল ইসলাম | বীজ বিশেষজ্ঞ ও<br>সাবেক সদস্য পরিচালক,<br>বিএডিসি | ০১৭১২-৫৫৮২২১<br>azharulislam@badc@gmail.com | [signature] ১৮/০১/২০২২ |
| ১৯ | জনাব মো: মাসুম | কোম্পানি প্রতিনিধি ও<br>চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানী, উত্তরা, ঢাকা | | |
| ২০ | জনাব মো: সানোয়ার হোসেন | কৃষক প্রতিনিধি-১<br>মহিশমারা, মধুপুর, টাঙ্গাইল | 01818-068933<br>~~01644-52251~~ | মো: সানোয়ার হোসেন |
| ২১ | জনাব মো: বিল্লাল হোসেন | কৃষক প্রতিনিধি-২<br>দক্ষিণ লক্ষ্মীপুর, বাঘারপাড়া পৌরসভা, যশোর | 01644-525137 | মো: বিল্লাল হোসেন |
| ২২ | Md. Shahjahan Ali<br>Senior Vice President - BSST | সভাপতি/সাধারণ সম্পাদক<br>বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি | 01730013391<br>alliedmsali@yahoo.com | [signature] 18/1/2022 |

| ক্রম | বোর্ডের সদস্যদের নাম | পদবী ও প্রতিষ্ঠান | মোবাইল ও ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২৩ | ড. মো: আজিজ জিলানী চৌধুরী | সভাপতি<br>বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি | 01552355393<br>zilani71@gmail.com | [signature] ১৮/০১/২২ |
| ২৪ | | সভাপতি/সাধারণ সম্পাদক<br>বাংলাদেশ সীড এসোসিয়েশন<br>১৪৫, সিদ্দিক বাজার, ঢাকা | | |
| ২৫ | ড. মোঃ তারিকুল ইসলাম<br>(DC, BARI- এর প্রতিনিধি) | পরিচালক (গবেষণা)<br>বিএআরআই<br>গাজীপুর | ০১৭১৭-৮০৭১২২<br>tariqul1965@gmail.com | [signature] ১৮/১/২০২২ |
| ২৬ | ড. মো: ফয়জে আলম ইবনে তাবিব<br>প্রতিনিধি-<br>~~নির্বাহী পরিচালক, সিডিবি~~ | অতিরিক্ত পরিচালক<br>তুলা উন্নয়ন বোর্ড | ০১৭১১২২৭০৫৪<br>tabibfai@gmail.com | [signature] ১৮/১/২২ |
| ২৭ | মো: আবু জাহের<br>প্রতিনিধি<br>বি এস এ | [illegible] | ০১৭২০২৫৭৩০৮ | [signature] |
| ২৮ | মোহাম্মদ মাহবুব<br>চেয়ারম্যান, সুপ্রিম সীড | চেয়ারম্যান<br>সুপ্রিম সীড | ০১৭১১৫২১৮১০ | [signature] ১৮/১/২২ |
| ২৯ | আনোয়ার ফারুক<br>উপদেষ্টা, বাংলাদেশ সীড এসোসিয়েশন, | প্রাক্তন সচিব | 01711564572 | [signature] |
| ৩০ | মানিক চন্দ্র কর্মকার | সহকারী বীজতত্ত্ববিদ<br>কৃষি মন্ত্রণালয় | 01718018710<br>mckarmoker@gmail.com | [signature] |
| ৩১ | মুহাম্মদ নেয়ামুল নাসির | সহকারী বীজতত্ত্ববিদ<br>কৃষি মন্ত্রণালয় | 01913471802<br>neamulseed@gmail.com | [signature] |
| ৩২ | ড. মো: আকতার হোসেন খান | প্রধান বীজতত্ত্ববিদ<br>কৃষি মন্ত্রণালয় | 01816195277<br>cst@moa.gov.bd | [signature] |
| ৩৩ | | | | |
| ৩৪ | | | | |
| ৩৫ | | | | |